শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ - ৫৫০ (৪০)

তারিখ ঃ ২৫ আষাঢ়, ১৪৩০
০৯ জুলাই, ২০২৩

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১৩ জুলাই, ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১২:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের জুলাই, ২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ১২-০৭-২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম। (বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) চেয়ারম্যান,.........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব...........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ - ৫৫০ (৪০)/১(৪)

তারিখ ঃ ২৫ আষাঢ়, ১৪৩০
০৯ জুলাই, ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জুলাই, ২০২৩ সভার তারিখ: ১৩/০৭/২০২৩, সময় : বেলা- ১২.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01746445526 | — | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01303001036 | nahianatifa@gmail.com | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745763080 | | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718455198 | ulophulbarik@dls.gov.bd | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01320133438 | ocfulbari@gmail.com | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | [illegible] | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kuri@lged.gov.bd | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718996474 | ueofulkuri@gmail.com | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | 01769407421 | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useofulbarikurigram@gmail.com | |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | usso.fulbari@gmail.com | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | saboujkumargupta07@gmail.com | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069797 | ummekulsum urdo.fulbari@gmail.com | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716415990 | upazilacoopphulbari@gmail.com | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415111 | | |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম (আমন্ত্রিত) | | | |

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জুলাই, ২০২৩   সভার তারিখ: ১৩/০৭/২০২৩, সময় : বেলা- ১২.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193366 | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01718387045 | — | ১৩/৭/২৩ |

# উপজেলা পরিষদ
## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

### জুলাই, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ । |
| তারিখ | ঃ | ১৩ জুলাই, ২০২৩। |
| সময় | ঃ | বেলা ১২.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় ফুলবাড়ী উপজেলায় সদ্য যোগদানকারী সহকারী কমিশনার (ভূমি) জনাব মোছা: মলিহা খানম ১২/৬/২০২৩ তারিখে এবং অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা জনাব প্রানকৃষ্ণ দেবনাথ ০৪/৭/২০২৩ তারিখে অত্র উপজেলায় যোগদান করেন সভায় উপস্থিত সকলের সাথে পরিচয় পর্বশেষে তাঁদেরকে ফুলবাড়ী উপজেলায় সরকারি দায়িত্ব পালনে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

সভায় গত মঙ্গলবার (১১/০৭/২০২৩ তারিখ রাতে) বালারহাট বিজিবি ক্যাম্পের আওতাধীন সীমানা পিলার নম্বর ৯৩১-৯৩২ এর মধ্যবর্তী স্থানে মাদক ব্যবসায়ীকে ধরার জন্য পিছনে ধাওয়া করলে উক্ত ব্যক্তি নদীতে ঝাপ দেয় এবং বিজিবি সদস্য ৮৭৪৬৭ সিপাহী জনাব মাহবুবুর রহমান, লালমনিরহাট ব্যাটালীয়ন, ১৫ বিজিবিও নদীতে ঝাপ দিলে উক্ত বিজিবি সদস্য হার্ট এটাক হয় এবং তাকে সাথে সাথে ফুলবাড়ী হাসপাতালে আনার পর মৃত্যুবরণ করেন (ইন্না......রাজিউন)। অত্র সভায় উক্ত বিজিবি সদস্যের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয় এবং তার বিদেহী আত্মার জন্য মাগফেরাত কামনা করা হয়।

আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী) আলোচনা :

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | (১) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা মৎস্য অফিস জরুরীভাবে মেরামত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা দীর্ঘ দিন যাবত অনুরোধ করে আসছেন। এই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী কার্যালয়ের একজন উপ-সহকারী প্রকৌশলী'কে সরেজমিনে গিয়ে দেখার জন্য বলা হলে তিনি জানান যে, উক্ত অফিস এর প্লাষ্টার, রং ও দরজা-জানালার কাজ করা খুবই জরুরী। ফলে উক্ত অফিসের মেরামত কাজ ২,০০,০০০/- টাকার মধ্যে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে। | (১) সভায় আলোচনান্তে চলতি অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল হতে **নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে** মেরামত কাজটি সম্পাদন করার **জন্য** সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>প্রকল্পের নাম : ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা মৎস্য অফিসের প্লাস্টার, রং ও দরজা-জানালার কাজকরণ।<br>বরাদ্দকৃত অর্থের পরিমাণ =২,০০,০০০/- টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি<br>১। জনাব মো: মাহাবুল খন্দকার- সদস্য, বড়ভিটা ইউপি — প্র: সভাপতি<br>২। মো: মিজানুর রহমান, শিক্ষক- — প্র: সচিব<br>৩। মো: ওবায়দুল হক, সমাজসেবক — সদস্য<br>৪। মো: নজির হোসেন, বীর মুক্তিযোদ্ধা- — সদস্য<br>৫। মো: আব্দুল বাতেন, ইমাম- — সদস্য | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২) উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/২)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | (২) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণ করা প্রয়োজন। অন্যথায় উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরে বর্ষা মৌসুমে পানি জমে জলাবদ্ধতার সৃষ্টি হয় এবং চলাচলের অসুবিধা হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, পরিষদের অভ্যন্তরের পানি নিস্কাশনের জন্য উপজেলা রাজস্ব তহবিলের আওতায় ড্রেন নির্মাণের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (২) আলোচনাক্রমে উপজেলা কমপ্লেক্সের পানি নিস্কাশনের জন্য ড্রেন নির্মাণের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার'কে অনুরোধ করা হলো। | উপজেলা অফিসার, ফুলব. কুড়িগ্রাম। |
| | ৩) সভায় সভাপতি জানান যে, অত্র উপজেলা পরিষদের মাসিক আয় অনেক কম থাকায় উপজেলা রাজস্ব তহবিলের আওতায় নীতিমালা অনুযায়ী বিভিন্ন ব্যয় নির্বাহ করা সম্ভব হয় না। ফলে পরিষদের আয়বৃদ্ধির জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে গেজেটেড ও নন - গেজেটেড কোয়ার্টার নির্মাণ করা যেতে পারে। এছাড়া পরিষদের আয় বৃদ্ধির জন্য উপজেলা পরিষদ মার্কেট নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। | (৩) আলোচনাক্রমে উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরে গেজেটেড ও নন - গেজেটেড কোয়ার্টার এবং মার্কেট নির্মাণের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার'কে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সীমানা প্রাচীর ও এন্ট্রি গেট নির্মাণ করার জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০৪৫.২০১৪-৩৪৮, তারিখ ২৫/০৩/২০১৫ মূলে =১,০৩,১২,৫৬৩/- টাকার প্রাক্কলন অনুমোদন পাওয়া যায়। কিন্তু উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকায় অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কোন কাজ করা হয়নি। ফলে উপজেলা পরিষদ কমপ্লেক্সের পশ্চিম দিকের সম্পূর্ণ অংশে সীমানা প্রাচীর ও গেট না থাকায় উপজেলা কমপ্লেক্সের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব না হওয়ায় গত ২০২২-২০২৩ অর্থ বছরে সীমানা প্রাচীর ও গেট নির্মাণ করার জন্য প্রাচীর ও মুল গেটের সংশোধিত প্রাক্কলন ব্যয় যথাক্রমে ৪০,০৭,[illegible]৯৮/- ও ২২,৯০,২৩৩/- প্রস্তুত করে আংশিক কাজ বাস্তবায়ন করা হয়েছে। উক্ত আংশিক কাজের অনুকূলে মোট =৬২,৯৫,৯০৩/- মাত্র ব্যয়িত হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী আরও =৪০,১৬,৬৬০/- মাত্র উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করে আরও কিছু কাজ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো। অবশিষ্ট সীমানা প্রাচীর নির্মাণ কাজ জরুরী বিধায় অনুমোদিত প্রাক্কলনের অবশিষ্ট অথের্র মধ্যে প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। উপজেলা প্রকৌশলী আরও জানান যে, OTM পদ্ধতিতে দরপত্র আহবান করা যেতে পারে। এ বিষয়ে আলোচনান্তে OTM পদ্ধতিতে দরপত্র আহবান করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হলো | আলোচনান্তে OTM পদ্ধতিতে দরপত্র আহবান করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী' ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৩)

<table>
<tr>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td>
<td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসলিটেটর গত ০৬/০৭/২০২৩ তারিখে প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাছাই ও সুপারিশকৃত ০৪টি প্রকল্প সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। প্রকল্পসমূহ নিম্নরূপ :<br>১। কাশীপুর বহুমূখী উচ্চ বিদ্যালয়ে দুইকক্ষ বিশিষ্ট সেমিপাকা শ্রেণী কক্ষ নির্মাণ;<br>২। খোলারহাট মহাবিদ্যালয়ে দুইকক্ষ বিশিষ্ট সেমিপাকা শ্রেণী কক্ষ নির্মাণ;<br>৩। ফুলবাড়ী জছি মিঞা মডেল উচ্চ বিদ্যালয়ে দুইকক্ষ বিশিষ্ট সেমিপাকা শ্রেণী কক্ষ নির্মাণ;<br>৪। নাওডাঙ্গা ডি,এস দাখিল মাদ্রাসায় দুইকক্ষ বিশিষ্ট সেমিপাকা শ্রেণী কক্ষ নির্মাণ;<br>প্রত্যেক প্রকল্পের জন্য বরাদ্দ ১০,০০,০০০/-(ভ্যাট ও ট্যাক্স ব্যতিত) টাকা মোট ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ ) টাকা ।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে সকলের সম্মতিক্রমে প্রকল্পসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসলিটেটর</td>
</tr>
<tr>
<td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত জুলাই, ২০২৩ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২৩৭৪টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>৯৯৪৫টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>২৭৮০টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৪৮০০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৪০৫টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১০১ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৪টি</td></tr>
<tr><td>৮</td><td>পোষা প্রাণির চিকিৎসা প্রদান</td><td>০১টি</td></tr>
<tr><td>৯</td><td>ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প</td><td>০১</td></tr>
<tr><td>১০</td><td>স্থায়ী ঘাষ চাষ কার্যক্রম</td><td>০.১৯ একর</td></tr>
<tr><td>১১</td><td>মোবাইল কোর্ট পরিচালনা</td><td>০১</td></tr>
<tr><td>১২</td><td>গবাদি পশু পাখির ডিজম সার্ভিল্যান্স</td><td>০১</td></tr>
</table></td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>উপজেলা কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান,<br>(ক) রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ন প্রকল্পের আওতায় গঠিত কৃষকদলের মধ্যে ১০৮০টি ফলদ ও বনজ বৃক্ষের চারা বিতরণ করা হয়।<br>(খ) খরিপ-১ মৌসুমে উপজেলায় মোট ৬৫০ হে: জমিতে চাষকৃত রোপা আউস ধান কর্তন চলছে।<br>(গ) উক্ত মৌসুমে ফুলবাড়ী উপজেলায় আবাদকৃত ৬১০ হে: জমির পাট কর্তন চলছে।<br>(ঘ) চলতি খরিপ-২ মৌসুমে ১১,৪৫০ হে: জমিতে রোপা আমন ধান চাষের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং ধান রোপন চলছে।<br>(ঙ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ স্বাভাবিক রয়েছে।</td>
<td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
</table>

(চলমান পাতা/৪)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ হাসপাতালের কার্যক্রম স্বাভাবিক। | সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী. কুড়িগ্রাম। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>(ক) জুন, ২০২৩ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতে ৮০৯ জনকে ১,৫৮,৪৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) জুন, ২০২৩ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১৮৯ জনকে ১৭,৬১,৩৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) জুন, ২০২৩ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬১ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। জুন, ২০২৩ পর্যন্ত ৮০৩৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৫%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৫% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। । |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। " আমার চোখে বঙ্গবন্ধু" বিষয়ে এক মিনিট ব্যাপী ভিডিও চিত্র তৈরী ও তথ্য অনলাইনে আপলোড কার্যক্রম চলমান;<br>০২। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা, ২০২৩ এর ১৩ জন শিক্ষার্থী ও জাতীয় শিক্ষা সপ্তাহ, ২০২৩ এ বিজয়ী প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক ও শিক্ষার্থীদের পুরস্কার ও সনদ প্রদান সম্পন্ন;<br>৩। ২০২১ সালে ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা চলমান;<br>৪। দুর্নীতি দমন কমিশন, কুড়িগ্রাম কর্তৃক সততা সংঘ ও সততা স্টোর গঠনকৃত ০৮টি প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান;<br>৫। মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ট্যাব বিতরণের উদ্দেশ্যে তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান;<br>৬। মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড কার্যক্রম চলমান;<br>৭। ডেঙ্গু প্রতিরোধে প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা সৃষ্টি ও পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান;<br>৮। বন্যা কবলিত ক্ষয়ক্ষতি এড়ানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী নিরাপদে রাখার সতর্কতার নির্দেশনা প্রদান;<br>৮। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |

(চলমান পাতা/৫)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস | ডেপুটি জোনাল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস সভাকে অবহিত করেন যে, অত্র অফিসের ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় এবং এই অর্জনে সর্বাত্মক সহযোগিতা করায় ফুলবাড়ী উপজেলা প্রশাসনের সকল বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং চলমান অর্থবছরেও একইভাবে সহযোগিতা প্রদানের জন্য সকলের প্রতি অনুরোধ জানান।<br>২। গত কয়েকদিন থেকে ধরলা নদীর পানি বৃদ্ধি পাওয়ায় এবং বেশ কিছু এলাকায় বন্যার প্রকোপ দেখা দেওয়ায় বড়ভিটা ইউনিয়নের আমছা বাজার সংলগ্ন কাগজিপাড়া, আরডিআরএস বাজার এবং শিমুলবাড়ী ইউনিয়নের চর যতীন্দ্রনারায়ণ গ্রামের বৈদ্যুতিক লাইনগুলো নিরাপত্তার স্বার্থে বন্ধ রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়, যা পানি কমলে ক্রমান্বয়ে চালু করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও অন্য কোন এলাকায় বন্যার পানি উঠলে তা তৎক্ষণিকভাবে পল্লী বিদ্যুৎ অফিসকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ২০২৩-২০২৪ অর্থবছরেও একইভাবে সহযোগিতা প্রদানের জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৫)

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | ৩। উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত জুলাই /২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১০,২০১/-(দশ হাজার দুইশত এক) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, চেয়ারম্যান উপজেলা পরিষদ ও আনসার সেড উপজেলা পরিষদ ব্যবহৃত জুলাই/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১০,২০১/-(দশ হাজার দুইশত এক) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুল বাড়ী |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২৩-৫৭৯ তারিখ: ০৩ শ্রাবণ, ১৪৩০। / ১৮ জুলাই, ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা.......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব..................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।


( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন: ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd